
# ব্যবহার ম্যানুয়াল


## অডিট ব্যবস্থাপনা সফটওয়্যার

www.rthd.gov.bd

১। অডিট ব্যবস্থাপনা সফটওয়্যারটি ব্যবহার করার জন্য প্রথমে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইট (www.rthd.gov.bd) তে গিয়ে “Database” অথবা “ই-ব্যবস্থাপনা” লিংকে গিয়ে “অডিট ব্যবস্থাপনা সফটওয়্যার” লিংকে ক্লিক করতে হবে।





১ম লিংক





২য় লিংক


২। উপরিল্লিখিত দুইটি লিংকে ক্লিক করলে নিম্নরুপ লগিন পেজ আসবে। ব্যবহারকারী হিসাবে সংশ্লিষ্ট অফিস বাছাই করে, পাসওয়ার্ড প্রদান করে লগিন সম্পন্ন করতে হবে। এখানে বিদ্যমান ভূমি ব্যবস্থাপনা সফটওয়্যারে ব্যবহৃত পাসওয়ার্ডটি লগিন পাসওয়ার্ড হিসাবে শুরুতে নির্ধারন করা থাকবে তবে কেউ চাইলে পরে পরিবর্তন করে আলাদা পাসওয়ার্ড করে নিতে পারবেন।





৩। লগিন করার পরে উপরে ডানদিকে লগিনকৃত অফিসের নাম দেখা যাবে এবং তার পাশেই লগ আউট বাটনটি থাকবে।




৪।নতুন অডিট আপত্তির তথ্য যোগ করার জন্য “অডিট বিবরন” অংশে “অডিট আপত্তির বিবরণ সংযোজন” লিংকে গিয়ে নতুন অডিট আপত্তির তথ্য যোগ করতে হবে।




৫। নিম্নের ফরমটির মাধ্যমে নতুন অডিট আপত্তি যোগ করতে হবে। এখানে উল্লিখিত প্রত্যেকটি ঘর অবশ্যই পূরণ করতে হবে।




৬। যোগকৃত অডিট আপত্তিসমূহ অডিট আপত্তির তালিকা লিংকে পাওয়া যাবে। এখানে প্রত্যেক অডিট আপত্তির জন্য স্বয়ংক্রীয়ভাবে একটি আইডি নম্বর প্রদান করা হবে। ৬ ডিজিটের এই নম্বরে প্রথম ২ ডিজিট অফিস কোড, ২য় ২ ডিজিট অডিটের অর্থবছরের শেষ সাল এবং শেষের ২ ডিজিটে অনুচ্ছেদ নম্বর যুক্ত হবে। অথ্যাৎ কোন অডিট আপত্তির আইডি যদি "০৫১৪১২" হয় তাহলে বুঝতে হবে ০৫ অফিসের কোড (যেমন: নারায়ণগঞ্জ সড়ক বিভাগের কোড=০৫), ১৪ হচ্ছে ২০১৩-২০১৪ অর্থবছর এবং ১২ হচ্ছে অনুচ্ছেদ নম্বর। সুতরাং ০৫১৪১২ হচ্ছে নারায়ণগঞ্জ সড়ক বিভাগের ২০১৩-২০১৪ অর্থবছরের ১২ নং অনুচ্ছেদের অডিট আপত্তি।




৭। যোগকৃত অডিট আপত্তিসমূহ চাইলে পরিবর্তন ও মুছে ফেলা যাবে এবং প্রথম লিংকে ক্লিক করে বিস্তারিত বিবরণ দেখা যাবে।

| কর্মকর্তার নাম | বর্তমান অবস্থা | পরিবর্তন |
| --- | --- | --- |
| আব্দুর রহিম (১৫৮)<br>নির্বাহী প্রকৌশলী | ব্রডশিট জবাব প্রেরণ করা হয়েছে | |
| আফতাব আহমেদ (২৪০০৯)<br>নির্বাহী প্রকৌশলী | মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে | |
| মো এনামুল হক (৬০৪৫৮)<br>নির্বাহী প্রকৌশলী | প্রধান প্রকৌশলীর কাছে প্রেরণ করা হয়েছে | |
| মো: আব্দুর রহমান (৫৬৭৭)<br>নির্বাহী প্রকৌশলী | ব্রডশিট জবাব প্রেরণ করা হয়েছে | |


৮। প্রতিবেদন লিংকে গিয়ে ‘‘অডিট আপত্তি অনুসন্ধান’’ অংশে অডিট আপত্তিসমূহ অনুসন্ধান করা যাবে।





৯।এখানে কর্মকর্তার নাম, পরিচিতি নং, আপত্তির ধরণ, বর্তমান অবস্থা, আইডি, অনুচ্ছেদ নম্বর ইত্যাদি লিখে অনুসন্ধান করা যাবে। এখানে অর্থবছরের দুইটি অপশন রয়েছে। যে কোন একটি সিলেক্ট করলে শুধু ওই অর্থবছরের অডিট আপত্তিসমূহ আসবে কিন্তু দুইটি নির্দিষ্ট অর্থবছরের মধ্যকার অডিট আপত্তিসমূহ দেখতে চাইলে প্রথমে শুরুর সালে পরে শেষের সাল বাছাই করতে হবে।




১০। এছাড়া "সড়ক বিভাগের কোড" লিংকে গিয়ে সংশ্লিষ্ট সড়ক বিভাগের কোড নম্বরটি জানা যাবে।



১১।সড়ক বিভাগভিত্তিক এন্ট্রিকৃত মোট অডিট আপত্তিসমূহের তালিকা দেখতে চাইলে সড়ক বিভাগভিত্তিক তালিকা দেখতে হবে।



১২। উল্লিখিত সংখ্যার উপর ক্লিক করলে পূর্নাঙ্গ তালিকা দেখা যাবে।

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সড়ক ও জনপথ অধিদপ্তর

প্রিন্ট করুন   মেনুতে ফিরে যান

মোট অডিট আপত্তি: ৪টি

| ক্রম | অফিসের নাম | আইডি | অডিট আপত্তির বছর | অনুচ্ছেদ নম্বর | অডিটের ধরণ | কর্মকর্তার নাম | বর্তমান অবস্থা | বিস্তারিত |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | নারায়ণগঞ্জ সড়ক বিভাগ | ০৫৭২১৫ | ১৯৭১-১৯৭২ | ১৫ | অগ্রীম | আব্দুর রহিম (১৫৮)<br>নির্বাহী প্রকৌশলী | ব্রডশিট জবাব প্রেরণ করা হয়েছে | |
| ২ | নারায়ণগঞ্জ সড়ক বিভাগ | ০৫১৪১২ | ২০১৩-২০১৪ | ১২ | অগ্রীম | আফতাব আহমেদ (২৪০০৯)<br>নির্বাহী প্রকৌশলী | মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে | |
| ৩ | নারায়ণগঞ্জ সড়ক বিভাগ | ০৫১৪৩৫ | ২০১৩-২০১৪ | ৩৫ | অগ্রীম | মো এনামুল হক (৬০৪৫৮)<br>নির্বাহী প্রকৌশলী | প্রধান প্রকৌশলীর কাছে প্রেরণ করা হয়েছে | |
| ৪ | নারায়ণগঞ্জ সড়ক বিভাগ | ০৫১৫৫৫ | ২০১৪-২০১৫ | ৫৫ | অগ্রীম | মো: আব্দুর রহমান (৫৬৭৭)<br>নির্বাহী প্রকৌশলী | ব্রডশিট জবাব প্রেরণ করা হয়েছে | |

১৩। তথ্য এন্ট্রি করতে কোন সমস্যা হলে তা অনলাইন হেল্পডেস্কে সমম্যার তথ্য প্রদান করা যাবে এবং দ্রুতই তার সমাধানও ওই লিংকেই প্রদান করা হবে। এছাড়া ইতোমধ্যে প্রদানকৃত সমাধানসমূহ ‘‘প্রশ্ন ও সমাধান’’ লিংকে পাওয়া যাবে।